**Question Booklet Code – A**

**Roll No. ..................................................................**

**Registration No. ......................................................**

**OMR Serial No. .......................................................**

# 2018

## BUSINESS LAWS — GENERAL

**Paper : CC-1.1 Chg**

**Full Marks – 80**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

## Group - A

1×20

1. আইন দ্বারা বলবৎযোগ্য সম্মতিকে বলা হয়—

A. প্রস্তাব B. চুক্তি

C. প্রতিশ্রুতি D. বাধ্যবাধকতা

2. ভারতীয় চুক্তি আইনের (1872) ________ ধারায় "প্রস্তাবের" সংজ্ঞা দেওয়া আছে।

A. 2(e) B. 2(d)

C. 2(b) D. 2(a)

3. ভারতীয় চুক্তি আইন, 1872-এর 2(j) ধারায় সংজ্ঞা আছে—

A. বৈধ চুক্তির B. বাতিল চুক্তির

C. বাতিলযোগ্য চুক্তির D. উপচুক্তির

4. ভারতবর্ষে অতীত প্রতিদান হল—

A. বাতিল B. বৈধ

C. অবৈধ D. অপ্রবর্তনীয়

5. বিদেশি আইন-এর জ্ঞান সম্পর্কিত ভুল হল—

A. প্রতারণা B. তথ্যগত ভুল

C. মিথ্যাবর্ণন D. ভারতীয় আইনের ভুল

6. যখন চুক্তিবদ্ধ উভয়পক্ষের সম্মতি অনুসারে চুক্তি বাতিল করা হয়, তখন তাকে বলা হয়—

A. নবীকরণ B. পরিবর্তন

C. রদকরণ D. মকুব

7. ঘটনা-সাপেক্ষ চুক্তি হল—

A. আনুষঙ্গিক B. আনুষঙ্গিক ও নিশ্চিত

C. আনুষঙ্গিক ও অনিশ্চিত D. উপরের কোনোটিই নয়

8. চুক্তির পরিসমাপ্তি হতে পারে—

A. চুক্তি পালনের মাধ্যমে B. চুক্তি ভঙ্গের মাধ্যমে

C. উভয়পক্ষের সম্মতিতে D. উপরের যে-কোনোটির মাধ্যমে

**9.** ভারতবর্ষে পণ্য বিক্রয় নিয়ন্ত্রিত হয়—

A. পণ্য বিক্রয় আইন, 1930
B. পণ্য বিক্রয় আইন, 1932
C. পণ্য বিক্রয় আইন, 1960
D. পণ্য বিক্রয় আইন, 1970

**10.** "ভবিষ্যৎ পণ্য" বিক্রয়ের চুক্তি হল—

A. বিক্রয়
B. বিক্রয়ের সম্মতি
C. অনুমতিক্রমে বিক্রয়
D. সম্মতি

**11.** অংশীদারিত্ব নিরূপণের পরীক্ষা যে মামলায় স্বীকৃত হয়—

A. কক্স বনাম হিকম্যান
B. গার্নার বনাম মারে
C. এ.বি.দাস বনাম সি.আই.টি
D. ন্যাস বনাম ইনমান

**12.** অংশীদারি কারবারের নিবন্ধন অংশীদারি আইন অনুসারে—

A. ঐচ্ছিক
B. বাধ্যতামূলক
C. বাধ্যবাধকতা
D. অপরিহার্য

**13.** LLP আইনটি ________ অধ্যায়ে বিভাজিত।

A. 13 টি
B. 14 টি
C. 15 টি
D. 16 টি

**14.** আইনি সত্ত্বা অনুসারে একটি সীমিত দায়বিশিষ্ট অংশীদারি—

A. মামলা করতে পারে ও মামলার পক্ষ হতে পারে
B. এর বিরুদ্ধে মামলা করা যায় না
C. মামলা করতে পারে না
D. উপরের কোনোটিই নয়

**15.** একটি সীমিত দায়বিশিষ্ট অংশীদারি হল একটি ________।

A. কোম্পানি
B. অংশীদারি
C. সংবিধিবদ্ধ সংস্থা
D. বেসরকারি প্রতিষ্ঠান

**16.** সীমিত দায়বিশিষ্ট অংশীদারি কারবারের সুবিধা হল—

A. অর্থ সংগ্রহ
B. সহজে পরিচালনা
C. পৃথক সম্পত্তি
D. সবগুলি

**17.** "নিয়ম অনুসারে ধারক"-এর ধারণা হস্তান্তরযোগ্য দলিল আইন, 1881-এর ________ ধারায় আলোচনা করা হয়েছে

A. 7
B. 8
C. 9
D. 10

18. হস্তান্তরযোগ্য দলিল আইন অনুসারে, হস্তান্তরযোগ্য দলিল হয় ________।

A. দুই প্রকারের
B. তিন প্রকারের
C. চার প্রকারের
D. পাঁচ প্রকারের

19. কেন্দ্রীয় ক্রেতা সুরক্ষা সংসদের উদ্দেশ্য হল—

A. উচ্চশিক্ষার অধিকার
B. প্রাথমিক শিক্ষার অধিকার
C. ক্রেতা-শিক্ষার অধিকার
D. কোনোটিই নয়

20. জেলা ক্রেতা আদালতের সভাপতি হবেন—

A. জেলা রাজস্ব সংগ্রাহক
B. হাইকোর্টের বিচারক
C. জেলা আদালতের বিচারক
D. সুপ্রিম কোর্টের বিচারক

## Group - B

2×30

1. কোন্ বিবৃতিটি সত্য নয়?

A. সম্মতি = প্রস্তাব + স্বীকৃতি
B. চুক্তি = সম্মতি + বলবৎযোগ্যতা
C. সব চুক্তি হল সম্মতি কিন্তু সব সম্মতি চুক্তি নয়
D. প্রস্তাব যখন স্বীকৃত হয়, সেটি হয় প্রদান।

2. নিম্নলিখিত কোনটি বৈধ চুক্তির অত্যাবশ্যকীয় উপাদান নয়?

A. সম্মতির নিবন্ধন
B. স্বেচ্ছা সায়
C. পক্ষগণের যোগ্যতা
D. আইনসঙ্গত প্রতিদান ও বৈধতা

3. ইংরেজি আইন অনুসারে কোন্ প্রতিদানকে "প্রতিদান নয়" বলে ধরা হয়?

A. বর্তমান
B. অতীত
C. ভবিষ্যৎ
D. (A) এবং (C) উভয়ই

4. A একটি চিঠিতে B-কে তাঁর গাড়ি 5 লাখ টাকায় বিক্রয়ের প্রস্তাব দেয়। B একটি চিঠি লিখে জানায় যে, সে গাড়িটি 4 লাখ টাকায় কিনতে প্রস্তুত। এক্ষেত্রে B-এর চিঠিটি হল—

A. বৈধ স্বীকৃতি
B. পালটা প্রস্তাব
C. আড়াআড়ি প্রস্তাব
D. কোনোটিই নয়

5. নিম্নলিখিত কোন্ বিবৃতিটি স্বীকৃতি সম্পর্কিত সঠিক নয়?

A. এটি প্রেরিত হতে হবে।
B. চূড়ান্ত ও নিঃশর্ত
C. প্রস্তাবগ্রহীতার মৌনতা থেকে অনুমান করা হয়।
D. যে ব্যক্তির স্বীকৃতিদানের অধিকার আছে, তিনিই শুধুমাত্র স্বীকৃত হয়েছেন বলতে পারেন।

6. অমিত তার 8 লাখ টাকার ফ্ল্যাটটি 3 লাখ টাকায় সুমিতকে বিক্রয় করতে রাজি হন, অমিতের সায় গ্রহণ করা হয় বলপ্রয়োগের দ্বারা। এক্ষেত্রে সম্মতিটি হল—

A. বৈধ B. বাতিল

C. বাতিলযোগ্য D. অবৈধ

7. "চুক্তি এক প্রকার সম্মতি যা বিভিন্ন পক্ষের মধ্যে দায়বদ্ধতার সৃষ্টি করে এবং তা চিহ্নিত করে"। — এই সংজ্ঞাটি দিয়েছেন—

A. পোলক B. হ্যালসবেরি

C. স্যালমন্ড D. অ্যানসন

8. সাম্য, ন্যায় ও শুভবোধের নীতির উপর ভিত্তি করে যে চুক্তি করা হয়—

A. বাজি ধরার চুক্তি B. উপচুক্তি

C. ঘটনা-সাপেক্ষ চুক্তি D. অনুক্ত চুক্তি

9. "বিনা প্রতিদানে চুক্তি হয় না" এই নিয়মের ব্যতিক্রম নয় কোন্‌টি?

A. স্নেহ-ভালোবাসার থেকে B. সম্পাদিত দান থেকে

C. প্রতিনিধিত্ব D. ঋণ পরিশোধ থেকে

10. এক নিরক্ষর বৃদ্ধা মহিলা তাঁর ভাইপোকে তাঁর সমস্ত সম্পত্তি দান করেন, ভাইপো সম্পত্তির দেখভাল করত। এই দানটি খারিজ হয় যে কারণে—

A. বলপ্রয়োগ B. অনুচিত প্রভাব

C. ভুল ধারণা D. প্রতারণা

11. প্রতিশ্রুতি পালনের অঙ্গীকার বা দেনা পরিশোধের জামিন হিসাবে ________ গচ্ছিত রাখা হলে তাকে ________ বলা হয়।

A. পণ্য, বন্ধক B. নিয়ম, বাতিল

C. দ্রব্য, পরিষেবা D. পরিষেবা, বাতিল

12. পণ্য বিনষ্ট হওয়ার ফলে ক্ষতি হলে তার দায় নেয় ________ বিক্রয়ের ক্ষেত্রে এবং ________ বিক্রয়ের সম্মতির ক্ষেত্রে।

A. ক্রেতা, বিক্রেতা B. বিক্রেতা, ক্রেতা

C. নিলামকারী, প্রতিনিধি D. কোনোটিই নয়

13. "Doctrine of Caveat Emptor" পণ্য বিক্রয় আইনের ________ ধারায় বলা আছে যার অর্থ হল ________।

A. 15, বিক্রেতা সাবধান হও B. 16, ক্রেতা সাবধান হও

C. 18, বিক্রেতাকে ক্রেতার ইচ্ছার যত্ন নেওয়া D. 17, ক্রেতা ক্ষতিপূরণের দাবি করবেন

14. অপরিশোধিত বিক্রেতার অধিকারগুলি নিম্নলিখিত কোন্‌টি?

A. পূর্বস্বত্বের অধিকার B. পথের মধ্যে আটক করার অধিকার

C. পুনর্বিক্রয়ের অধিকার D. সবকয়টি

15. পণ্য বিক্রয় আইন অনুযায়ী "বিক্রেতা" বলতে সেই ব্যক্তিকে বোঝায়—

A. পণ্য বিক্রয়ে সম্মত
B. শুধু পণ্য বিক্রয়
C. পণ্য বিক্রয় ও বিক্রয় করতে সম্মত হওয়া
D. কোনোটিই নয়

16. অংশীদারি কারবারের বৈশিষ্ট্য হল —

A. অসীম দায় ও চুক্তিভিত্তিক সম্পর্ক
B. সীমিত দায় ও চুক্তিভিত্তিক সম্পর্ক
C. বাধ্যতামূলক নিবন্ধন ও সীমিত দায়
D. সীমিত দায় ও চিরস্থায়ী অধিকার

17. একটি অংশীদারি কারবার গঠিত হয় ________ দ্বারা ।

A. এক সাবালক ও এক নাবালক
B. দুই নাবালক
C. দু'জন সাবালক
D. এক নাবালক ও এক কৃত্রিম ব্যক্তি

18. বহিষ্কৃত অংশীদার-এর দায় ও ________ হল ________ অংশীদার-এর সমতুল্য।

A. কর্তব্য, নাবালক
B. কর্তব্য, অংশগ্রহণকারী
C. ক্ষমতা, দেউলিয়া
D. অধিকার, অবসরপ্রাপ্ত

19. এক বিদেশি LLP-এর অংশীদার ________ কিন্তু এক নাবালক LLP- এর সুবিধার জন্য অংশগ্রহণ করতে ________।

A. হতে পারেন না, পারেন
B. হতে পারেন, পারেন না
C. কখনোই নয়, পারেন সর্বদাই
D. হন ভারতীয় বংশোদ্ভূত, পারেন অভিভাবকসহ

20. LLP-এর নিগমচুক্তির কাগজপত্র ও গ্রাহক বিবৃতি প্রদত্ত হয়—

A. E-ফর্ম-1
B. E-ফর্ম-2
C. E-ফর্ম-3
D. E-ফর্ম-4

21. LLP-এর নাম আবেদন ও সংরক্ষণ করার জন্য দুটি অপরিহার্য উপাদান হল—

A. DIN এবং PAN
B. PAN এবং DSC
C. DIN এবং DSC
D. PAN এবং TAN

22. LLP নিবন্ধকের কাছে সীমিত দায় বিশিষ্ট অংশীদার প্রতিষ্ঠানকে জমা করতে হয়—

A. বাৎসরিক বিবরণী ও লাভ ক্ষতির হিসাব
B. স্বচ্ছতার বিবৃতি
C. বাৎসরিক রিটার্ন
D. সবগুলি

23. বাণিজ্যিক হুন্ডি অবশ্যই হওয়া উচিত—

A. লিখিত
B. মৌখিক
C. (A) বা (B)
D. কোনোটিই নয়

24. নিম্নলিখিত কোন্‌টি হস্তান্তরযোগ্য দলিল নয়?

A. বাণিজ্যিক হুন্ডি, চেক

B. পোস্টাল অর্ডার ও মুদ্রা নোট

C. প্রতর্থ্যপত্র ও চেক

D. প্রতর্থ্যপত্র ও বাণিজ্যিক হুন্ডি

25. প্রতর্থ্যপত্রের ________ দেওয়া আছে ________ ধারায়।

A. সুযোগ, 2

B. সংজ্ঞা, 4

C. ভূমিকা, 3

D. কাজ, 5

26. হস্তান্তরযোগ্য দলিল আইন, 1881-এর মুখ্য সংশোধনী সংযোজিত হয় ________ সালে।

A. 2015

B. 2016

C. 2017

D. 2018

27. "অভিযোগকারী" বলতে বোঝায়—

A. ক্রেতা

B. স্বেচ্ছামূলক উপভোক্তা সমিতি যা কোম্পানি আইনে নিবন্ধিত

C. কেন্দ্রীয় বা রাজ্য সরকার

D. উপরের সবগুলি

28. নিম্মলিখিত কোন্‌টি অনৈতিক ব্যবসায়িক কার্যকলাপ?

A. মজুতদারি

B. "বাণিজ্য-চিহ্ন" ব্যবহার

C. স্থির মূল্যে বিক্রয়

D. বিবরণসহ বিক্রয়

29. ক্রেতা সুরক্ষা আইন, 1986-এর 8 নং ধারায় ________ আলোচনা করা হয়েছে ________ ক্রেতা সুরক্ষা সংসদের জন্য।

A. গঠন, জেলা

B. উদ্দেশ্য, রাজ্য

C. বৈশিষ্ট্য, জেলা

D. কার্যাবলি, কেন্দ্রীয়

30. কেন্দ্রীয় ক্রেতা সুরক্ষা পর্ষদের চেয়ারম্যান হন—

A. ক্রেতা বিষয়ক দপ্তরের ভারপ্রাপ্ত কেন্দ্রীয় সরকারের মন্ত্রী

B. প্রধানমন্ত্রী

C. লোকসভার অধ্যক্ষ

D. ক্রেতা বিষয়ক দপ্তরের ভারপ্রাপ্ত রাজ্য সরকারের মন্ত্রী

## [ English Version ]

*The figures in the margin indicate full marks.*

### Group - A

1×20

1. An agreement enforceable by law is—

A. Proposal

B. Contract

C. Promise

D. Obligation

2. Section ________ of the Indian Contract Act, 1872 has defined 'Proposal'.
   A. 2(e)
   B. 2(d)
   C. 2(b)
   D. 2(a)

3. Section 2(j) of the Indian Contract Act, 1872 has defined—
   A Valid Contract
   B. Void Contract
   C. Voidable Contract
   D. Quasi Contract

4. Past consideration in India is–
   A. Void
   B. Valid
   C. Illegal
   D. Unenforceable

5. Mistake as to knowledge of foreign law means—
   A. Fraud
   B. Mistake of fact
   C. Misrepresentation
   D. Mistake of Indian Law

6. When the parties mutually agree to cancel the Contract, it is known as—
   A. Novation
   B. Alteration
   C. Rescission
   D. Remission

7. Contingent contracts are—
   A. Collateral
   B. Collateral and certain
   C. Collateral and uncertain
   D. None of the above

8. A Contract may be discharged by—
   A. Performance of Contract
   B. Breach of Contract
   C. Mutual Agreement
   D. Any of the above

9. Sale of goods in India is governed by—
   A. The Sale of Goods Act, 1930
   B. The Sale of Goods Act, 1932
   C. The Sale of Goods Act, 1960
   D. The Sale of Goods Act, 1970

10. A Contract for the sale of 'Future Goods' is—
    A. Sale
    B. Agreement to sell
    C. Sale on approval
    D. Hire-purchase agreement

11. The test of Partnership is validated in the case of
    A. Cox vs Hickman
    B. Garner vs Murray
    C. AB Das vs CIT.
    D. Nash vs Inman

12. Registration of the firm as per the Partnership Act is—
    A. Optional
    B. Compulsory
    C. Obligatory
    D. Essential

**13.** The LLP Act is divided in ________ chapters.

A. 13 B. 14

C. 15 D. 16

**14.** As a legal entity, LLP can

A. sue and be sued. B. not be sued.

C. not sue. D. none of these.

**15.** A limited liability Partnership is a ________.

A. Company B. Partnership

C. Body corporate D. NGO

**16.** Advantages of LLP are—

A. Raising money B. Easy to Manage

C. Separate property D. All of these

**17.** The term 'Holder in due course' is explained within section ________ of the N.I Act, 1881.

A. 7 B. 8

C. 9 D. 10

**18.** According to the Negotiable Instruments Act, negotiable instruments can be of—

A. 2 types B. 3 types

C. 4 types D. 5 types

**19.** Objective of Central the Consumer Protection Council is—

A. The right to higher education B. The right to primary education

C. The right to consumer education D. None of these

**20.** The President of the District Forum shall be—

A. District Collector B. High Court Judge

C. District Judge D. Supreme Court Judge

**Group - B** 2×30

**1.** Which of the following statement is not true?

A. Agreement = Offer + Acceptance

B. Contract = Agreement + Enforceability

C. All contracts are agreements but all agreements are not contract.

D. A proposal when accepted becomes an offer.

**2.** Which of the following is not an essential element of valid contract?

A. Registration of Agreement B. Free Consent

C. Capacity of Parties D. Lawful consideration and object

**3.** Which consideration is no consideration under the English Law?

A. Present
B. Past
C. Future
D. Both (A) and (C)

**4.** A, by a letter, offered to sell his car to B for ₹ 5 lakhs. B wrote a letter stating that he was prepared to buy it for ₹ 4 lakhs. In this case B's letter is—

A. Valid acceptance
B. Counter offer
C. Cross offer
D. None of these

**5.** Which of the following statements about acceptance is not true?

A. It must be sent.
B. It must be absolute and unconditional.
C. It may be presumed from the silence of offeree.
D. It must be accepted by a person having authority to accept.

**6.** Amit agrees to sell his flat worth ₹ 8 lakhs to Sumit for ₹ 3 lakhs only as Amit's consent was obtained by coercion, In this case, the agreement is—

A. Valid
B. Void
C. Voidable
D. Illegal

**7.** "Contract is an agreement creating and defining obligations between the parties"— This definition is given by—

A. Pollock
B. Halsbury
C. Salmond
D. Anson

**8.** The contracts which are based on principle of equity, justice and good conscience are—

A. Wagering contract
B. Quasi contract
C. Contingent contract
D. Implied contract

**9.** Which of the following is not an exception to the rule, "No consideration, No Contract"?

A. Out of natural love and affection
B. Completed gift
C. Agency
D. To pay a Debt.

**10.** An illiterate old woman made a gift of her entire property to her nephew who look after her estate. The gift can be set aside on the grounds of—

A. Coercion
B. Undue influence
C. Mistake
D. Fraud

**11.** The bailment of ________ as security for payment of a debt or performance of a promise is called ________.

A. goods, pledge
B. rule, void
C. product, services
D. services, void

12. The loss of destruction of goods falls on ________ in case of sale, and on ________ in case of agreement to sell.
   A. buyer, seller
   B. seller, buyer
   C. auctioneer, agent
   D. none of them

13. The doctrine of caveat emptor is given in section ________ of the Sale of Goods Act and its implies ________.
   A. 15, let the seller beware
   B. 16, let the buyer beware
   C. 18, let seller take care of buyer's interest
   D. 17, let the buyer claim damages.

14. Which of the following is the right of unpaid seller of goods?
   A. Right of Lien
   B. Right of Stoppage-in-transit
   C. Right of Resale
   D. All of these

15. As per the Sale of Goods Act, 'Seller' means a person who—
   A. agrees to sell goods.
   B. only sells goods.
   C. sells or agrees to sell goods.
   D. None of the above.

16. Features of Partnership business are—
   A. Unlimited liability and contractual relation.
   B. Limited liability and contractual relation.
   C. Mandatory registration and limited liability.
   D. Limited liability and perpetual succession.

17. A partnership firm can be formed with ________.
   A. A Major and a Minor
   B. Two Minors
   C. Two Majors
   D. A Minor and an artificial person

18. The liabilities and ________ of an expelled partner are the same as those of a ________ partner.
   A. duties, minor
   B. duties, incoming
   C. position, insolvent
   D. rights, retiring

19. Foreign nationals ________ become a partner in a LLP but minor _____ be admitted to the benefits of LLP.
   A. can't, can
   B. can, can't
   C. never, always
   D. with Indian origin, with presents

20. Incorporation documents and subscribers statement for LLP are provided in–
   A. E-form 1
   B. E-form 2
   C. E-form 3
   D. E-form 4

21. For application for reservation of name for LLP, two prerequisites are–
   A. DIN & PAN
   B. PAN & DSC
   C. DIN & DSC
   D. PAN & TAN

**22.** The LLP is required to file with the LLP registrar–

A. Annual Statement of Profit & Loss
B. Statement of solvency
C. Annual return
D. All of them.

**23.** A Bill of Exchange must be in

A. Writing
B. Oral
C. (A) or (B)
D. None of the options.

**24.** Which of the following is not a negotiable instrument?

A. Bill of Exchange and Cheque
B. Postal Order and Currency note
C. Promissory note and Cheque
D. Promissory note and Bill of Exchange

**25.** The ________ of Promissory note has been given in Section ________.

A. scope, 2
B. definition, 4
C. role, 3
D. functions, 5

**26.** Major amendments in the N.I Act, 1881 took place in the year ________.

A. 2015
B. 2016
C. 2017
D. 2018

**27.** "Complainant" means–

A. Consumer
B. Any Voluntary Consumer Association registered under Companies Act.
C. The Central Government or State Government
D. All of the above

**28.** Which of the following is unfair Trade Practice?

A. Hoarding
B. Use of Trade Mark
C. Sale at fixed price
D. Sale by Description

**29.** The Section 8 of the Consumer Protection Act, 1986 explain the ________ of ________ Consumer Protection Council.

A. Composition, District
B. Objective, State
C. Features, District
D. Function, Central

**30.** The Chairman of the Central Consumer Protection Council shall be

A. The Minister in charge of Consumer Affairs in the Central Govt.
B. The Prime Minister
C. The Speaker of Lok Sabha
D. The Minister in charge of Consumer Affairs in the State Govt.